

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১৫, ২০২৬

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০১ আষাঢ়, ১৪৩৩ মোতাবেক ১৫ জুন, ২০২৬

নিম্নলিখিত বিলটি ০১ আষাঢ়, ১৪৩৩ মোতাবেক ১৫ জুন, ২০২৬ তারিখে জাতীয় সংসদে
উত্থাপিত হইয়াছে :

বা. জা. স. বিল নং ৯৬/২০২৬

২০২৬ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য
সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও
নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে আনীত

বিল

যেহেতু ২০২৬ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত
তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও
প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—(১) এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০২৬ নামে অভিহিত
হইবে।

(১৯৪২৭)

মূল্য : টাকা ৮.০০

২। ২০২৫-২০২৬ অর্থবৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ৫৬১১৭,৫৯,৪১,০০০ (ছাপ্পান্ন হাজার একশত সতেরো কোটি ঊনষাট লক্ষ একচল্লিশ হাজার) টাকা প্রদান।—২০২৬ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে যেই সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত ৫৬১১৭,৫৯,৪১,০০০ (ছাপ্পান্ন হাজার একশত সতেরো কোটি ঊনষাট লক্ষ একচল্লিশ হাজার) টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

৩। নির্দিষ্টকরণ।—এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০২৬ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

তফসিল

(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

মঞ্জুরি নং	কার্য ও উদ্দেশ্যসমূহ হিসাবের প্রধান খাতসমূহ	অনধিক টাকা		
		সংযুক্ত তহবিলের উপর দায়	সংসদ কর্তৃক ভোটে গৃহীত	মোট
১	২	৩	৪	৫
০১	জাতীয় সংসদ	১৬,৫৯,৬০	০	১৬,৫৯,৬০
০৩	মন্ত্রিপরিষদ বিভাগ	০	১৫,৬৭,৭৬	১৫,৬৭,৭৬
	বাংলাদেশ সুপ্রীম কোর্ট	১৯,৭৭,৫৪	০	১৯,৭৭,৫৪
০৪	নির্বাচন কমিশন সচিবালয়	১০৬০,৯৫,৮০	৩২৮,৭০,০০	১৩৮৯,৬৫,৮০
০৬	বাংলাদেশ সরকারি কর্ম কমিশন	২৩,৫৪,৮৭	৬,৪৭,০০	৩০,০১,৮৭
০৭	অর্থ বিভাগ	৫০০০,০০,০০	২৩৬৫৫,৫৪,০৫	২৮৬৫৫,৫৪,০৫
০৯	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	০	১৬৯০,৮১,৭৯	১৬৯০,৮১,৭৯
১১	পরিকল্পনা বিভাগ	০	১২৪০৭,৮৩,৮৮	১২৪০৭,৮৩,৮৮
১২	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	০	২১,৯৭,৪২	২১,৯৭,৪২
১৪	বাণিজ্য মন্ত্রণালয়	০	৩০১,৯৩,৪০	৩০১,৯৩,৪০
১৫	পররাষ্ট্র মন্ত্রণালয়	০	৫৯,৯৭,৯২	৫৯,৯৭,৯২
১৮	আইন ও বিচার বিভাগ	০	৮৪,৭৪,৩৬	৮৪,৭৪,৩৬

(অংকসমূহ হাজার টাকায়)

মঞ্জুরি নং	কার্য ও উদ্দেশ্যসমূহ	অনধিক টাকা		
	হিসাবের প্রধান খাতসমূহ	সংযুক্ত তহবিলের উপর দায়	সংসদ কর্তৃক ভোটে গৃহীত	মোট
১	২	৩	৪	৫
১৯	জননিরাপত্তা বিভাগ	০	১৭১,৬৮,১৩	১৭১,৬৮,১৩
২০	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	০	৮৭,৮৫	৮৭,৮৫
২৩	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	০	৪৯২৩,৪৮,৫৪	৪৯২৩,৪৮,৫৪
২৫	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	০	৭২২,৪৬,১৫	৭২২,৪৬,১৫
২৭	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	০	২৯৩,৩৫,৫৯	২৯৩,৩৫,৫৯
৩০	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়	০	১১২,৫৮,১০	১১২,৫৮,১০
৩২	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	০	২২০,৪১,২২	২২০,৪১,২২
৩৪	স্থানীয় সরকার বিভাগ	০	১৮০৯,৫৬,১০	১৮০৯,৫৬,১০
৩৭	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	০	৭৫,৬১,৯৫	৭৫,৬১,৯৫
৩৮	বস্ত্র ও পাট মন্ত্রণালয়	০	৪৫,৪৫	৪৫,৪৫
৪৩	ভূমি মন্ত্রণালয়	০	৯৭,৭১,০৩	৯৭,৭১,০৩
৪৪	পানি সম্পদ মন্ত্রণালয়	০	২১৭৭,০৪,৮১	২১৭৭,০৪,৮১
৪৫	খাদ্য মন্ত্রণালয়	০	৬৮৩,৯১,০৩	৬৮৩,৯১,০৩
৫৪	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	০	১২২,১৯,৩২	১২২,১৯,৩২
৫৫	দুর্নীতি দমন কমিশন	-৯১০,২৫	২০,৭৯,০০	১১,৬৮,৭৫
	মোট মঞ্জুরি ও বরাদ্দের দাবি	৬১১১,৭৭,৫৬	৫০০০৫,৮১,৮৫	৫৬১১৭,৫৯,৪১

উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

এই বিলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংযুক্ত তহবিলের উপর দায়যুক্ত সম্পূরক ব্যয় নির্বাহের নিমিত্ত এবং ২০২৬ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের জন্য সরকারের অনুমিত ব্যয় সম্পর্কে জাতীয় সংসদ কর্তৃক প্রদত্ত মঞ্জুরিসমূহের বিপরীতে সংযুক্ত তহবিল হইতে প্রয়োজনীয় অর্থ নির্দিষ্টকরণের বিধান করিতে চাওয়া হইয়াছে।

আমির খসরু মাহমুদ চৌধুরী
ভারপ্রাপ্ত মন্ত্রী।

ব্যারিস্টার মোঃ গোলাম সরওয়ার ভূঁইয়া
সচিব।